**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24-05-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আন্তর্জাতিক মানের সাথে সামঞ্জস্য রেখে প্রতিটি রাজ্যে কমপক্ষে একটি করে পর্যটন কেন্দ্র গড়ে তোলার জন্য রাজ্য সরকারগুলিকে পরামর্শ দিয়েছেন।**

**(২) কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, আগামী ২৯শে মে রাজ্যের ২৪টি স্থানে একইসঙ্গে বিকশিত কৃষি সংকল্প অভিযানের সূচনা করা হবে।**

**(৩) কেন্দ্রীয় সরকার আগরতলা থেকে গুয়াহাটির নারাঙ্গি পর্যন্ত আরও একটি নতুন রেল পরিষেবার অনুমোদন দিয়েছে।**

**(৪) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আগামীকাল সকালে আগরতলায় স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়া আয়োজিত 'সানডেস অন সাইকেল' ইভেন্টের সূচনা করবেন ।**

**********************************************

**NITI Ayog :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রতিটি রাজ্যে আন্তর্জাতিক মানের সাথে সামঞ্জস্যপূর্ণ একটি করে পর্যটন কেন্দ্র গড়ে তোলার জন্য রাজ্য সরকারগুলিকে পরামর্শ দিয়েছেন। আজ নয়াদিল্লিতে নীতি আয়োগের দশম পরিচালনা পরিষদের বৈঠকে প্রধানমন্ত্রী এক রাজ্য এক বিশ্বব্যাপী গন্তব্যের উপর জোর দিয়ে রাজ্যগুলিকে এই পরামোর্শ দেন।

তিনি বলেন, বিকশিত ভারত প্রতিটি ভারতীয়ের লক্ষ্য। যখন প্রতিটি রাজ্য বিকশিত হবে, তখন ভারত বিকশিত হবে। তিনি আরও বলেন যে এটি তার ১৪০ কোটি নাগরিকের আকাঙ্ক্ষা। প্রধানমন্ত্রী মোদী সকলকে কর্মক্ষেত্রে

নারীদের অন্তর্ভুক্ত করার জন্য কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, এমন আইন ও নীতিমালা তৈরি করা উচিত যাতে নারীরা কর্মক্ষেত্রে সম্মানজনকভাবে অন্তর্ভুক্ত হতে পারেন।

পরিচালনা পরিষদ ২০৪৭ সালের জন্য বিকশিত ভারতের বিকশিত রাজ্যের পদ্ধতি নিয়ে আলোচনা করেছে। এর উদ্দেশ্য হলো জাতীয় অগ্রাধিকার এবং সময়সীমাবদ্ধ লক্ষ্যগুলির সাথে সামঞ্জস্যপূর্ণ সাহসী, দীর্ঘমেয়াদী এবং অন্তর্ভুক্তিমূলক দৃষ্টিভঙ্গি তৈরিতে রাজ্যগুলিকে উৎসাহিত করা।

****************************

**Ratan Lal Nath :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, আগামী ২৯শে মে রাজ্যের ২৪টি স্থানে একইসঙ্গে বিকশিত কৃষি সংকল্প অভিযানের সূচনা করা হবে। এই অভিযান চলবে আগামী ১২ই জুন পর্যন্ত। আজ আগরতলার অরুন্ধুতিনগরে কৃষি কার্যালয়ে অনুষ্ঠিত বৈঠকে তিনি একথা জানান। তিনি জানান, এই অভিযানকালে কৃষকদের জন্য সমস্ত সরকারী সুযোগ সুবিধা বিষয়গুলি মোবাইল ডিসপ্লে ভ্যানের মাধ্যমে প্রদর্শন করা হবে। পাশাপাশি মাটির স্বাস্থ্য পরীক্ষা করার জন্য ভ্রাম্যমান মৃত্তিকা গবেষণাগার রাখা হবে এই কর্মসূচিগুলিতে। কৃষকদের সুবিধার জন্য বাংলা ও ককবরক ভাষায় আধিকারিকরা কৃষকদের সঙ্গে মত বিনিময় করবেন।

******************************

**MOS for skill development :**

ভারতজুড়ে প্রায় ১ লক্ষ শিক্ষার্থীকে বিনামূল্যে এআই প্রশিক্ষণ প্রদান করা হবে। নয়াদিল্লিতে রাইজিং নর্থইস্ট ইনভেস্টরস সামিট ২০২৫-এ ভাষণ দিতে গিয়ে দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা প্রতিমন্ত্রী জয়ন্ত চৌধুরী আজ একথা বলেন। তিনি বলেন আসন্ন স্কিলিং ফর রেডিনেস এআই প্রোগ্রামের অধীনে, মডিউল তৈরি করা হয়েছে এবং শীঘ্রই ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থীদের জন্য চালু করা হবে। এই প্রোগ্রামটি শিক্ষার্থীদের স্ব-মূল্যায়ন, অনলাইন

পরীক্ষা, অনলাইন কোর্স এবং এর জন্য একটি সার্টিফিকেট এবং ক্রেডিট পাওয়ার সুযোগ প্রদান করবে।

**************************

**MOS Health-Anupriya Patel :**

মানসম্পন্ন এবং সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্যসেবা প্রদানের সুযোগ বৃদ্ধির জন্য কেন্দ্রীয় সরকার উত্তর-পূর্বাঞ্চলের রাজ্য সরকারগুলির সঙ্গে সহযোগিতা করছে। আজ নয়াদিল্লিতে রাইজিং নর্থ ইস্ট ইনভেস্টরস সামিটে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল একথা বলেন। তিনি উল্লেখ করেন, সমগ্র উত্তর-পূর্ব অঞ্চলে স্বাস্থ্যসেবার অগ্রগতিতে বেসরকারি খাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

######Byte-Anupriya Patel######

********************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১২২ তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

****************************

**External Affairs Minister :**

সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের লড়াই এবং আত্মরক্ষার অধিকারের প্রতি জার্মানির সমর্থনের জন্য বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর কৃতজ্ঞতা প্রকাশ

করেছেন। জার্মানির বার্লিনে জার্মান কাউন্সিল অন ফরেন রিলেশনসে এক আলোচনায় বক্তৃতা দিতে গিয়ে ডঃ জয়শঙ্কর বলেন জার্মানির পররাষ্ট্রমন্ত্রী জোহান ওয়াদেফুলের বার্তায় স্পষ্ট জার্মানি ভারতের আত্মরক্ষার অধিকারকে স্বীকৃতি দেয়।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**New Train :**

কেন্দ্রীয় সরকার আগরতলা থেকে গুয়াহাটির নারাঙ্গি পর্যন্ত আরও একটি নতুন রেল পরিষেবার অনুমোদন দিয়েছে। উল্লেখ্য সাংসদ বিপ্লব কুমার দেব গত ২২শে এপ্রিল কেন্দ্রীয় রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণোর সঙ্গে সাক্ষাৎ করে আগরতলা থেকে গুয়াহাটি পর্যন্ত আরো ১টি নতুন রেল চালুর জন্য অনুরোধ জানিয়েছিলেন। নতুন রেল পরিষেবা চালুর অনুমোদন দেওয়ায় সংসদ শ্রী দেব কেন্দ্রীয় রেলমন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন।

******************************

**Walking Meditation :**

মহাবোধি সোসাইটির উদ্যোগে বিশ্ব শান্তির লক্ষ্যে আজ সকালে সাব্রুমের মৈত্রী সেতু থেকে শুরু হয়েছে ধ্যান পদযাত্রা। মনু বনকুলের বহুজন হিতায় এডুকেশন ট্রাস্টের সহযোগিতায় আজ প্রথমদিনে ১৯ কিমি পদযাত্রা শেষে মনুবনকুলের ধম্মদীপা স্কুলে গিয়ে পৌঁছেছে পদযাত্রীরা। থাইলান্ড, লাওস, অরুণাচল প্রদেশ ও ত্রিপুরার ২৫ জন বৌদ্ধ ভিক্ষু আজ প্রথম দিনের পদযাত্রায় অংশ নেন। বৌদ্ধ ভিক্ষুদের সঙ্গে সাব্রুম মহকুমার প্রচুর বৌদ্ধ ধর্মাবলম্বী নারী পুরুষ হেঁটেছেন পদযাত্রায়। মনুবনকুলে ধম্মদীপা আন্তর্জাতিক বৌদ্ধ বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে বৌদ্ধ ভিক্ষুদের উত্তরীয় পরিয়ে সংবর্ধনা জ্ঞাপন করেন ধম্মদীপা আন্তর্জাতিক বৌদ্ধ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নরসীমা রাজু ও নিয়ামক দেবী সাইবাবু। সাব্রুম থেকে মনুবনকুল, শুকনাছড়ি, করবুক, নতুনবাজার, গন্ডাছড়া, আমবাসা, কুমারঘাট, নবীনছড়া হয়ে ধর্মনগর পর্যন্ত ৩০৮ কিমি পথে হবে এই পদযাত্রা। আগামী ৬ই জুন ধর্মনগরে এই পদযাত্রা শেষ হবে। আজ সকালে সাব্রুমের মৈত্রী সেতুতে পদযাত্রার সূচনাপর্বে উপস্থিত ছিলেন আগরতলার বেনুবন বৌদ্ধ বিহারের অধ্যক্ষ ভেন ক্ষেমাছাড়া ভিক্ষু, বিধায়ক মাইলাফ্রু মগ, এমডিসি কংজঅং মগ প্রমুখ।

*****************************

**Justice Amarnath Goud :**

ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি তথা রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের এক্সিকিউটিভ চেয়ারম্যান অমরনাথ গৌড় বলেছেন, ত্রিপুরায় বিচারাধীন মামলার সংখ্যা দেশের মধ্যে সবচেয়ে কম। আজ ত্রিপুরা জুডিশিয়াল একাডেমিতে লিগাল এইড ডিফেন্স কাউন্সেল একদিনের প্রশিক্ষণ অনুষ্ঠানের উদ্বোধন করে একথা বলেন বিচারপতি শ্রী গৌড়। ডিফেন্স কাউন্সলের আইনজীবীদের উদ্দেশ্যে বিচারপতি গৌড় আরও বলেন, যারা বিচার চাইতে আসছেন তাদের পক্ষে সততা নিয়ে আদালতে মামলায় লড়াই করতে হবে। প্রশিক্ষনে আলোচনা করেন প্রাক্তন জেলা ও দায়রা বিচারক সুভাষ শিকদার এবং এ কে নাথ, রাজ্য আইন সেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত

চৌধুরী, জেলা আইন সেবা কর্তৃপক্ষের সচিব অমরজিৎ দে এবং বরিষ্ঠ আইনজীবী সুব্রত সরকার।

****************************

**IPFT :**

আইপিএফটি'র রাজ্য সম্মেলন আজ আগরতলার শহীদ ভগৎ সিং যুব আবাসে অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন আইপিএফটি সভাপতি প্রেম কুমার রিয়াং, মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া ও অন্যান্য নেতৃবৃন্দ।

**************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষায় খাতা রিভিউ এর কাজ গতকাল শেষ হয়েছে। এবছর মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় খাতা রিভিউ করার জন্য প্রায় ৫ হাজারের উপর আবেদন জমা পড়েছিল।

*****************************

**Khelo India :**

স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়া (সাই)-র উদ্যোগে আগামীকাল আগরতলায় 'সানডেস অন সাইকেল' ইভেন্ট অনুষ্ঠিত হবে। খেলো ইন্ডিয়া প্রকল্পের অন্তর্গত ফিট ইন্ডিয়া মুভমেন্টের অঙ্গ হিসেবে এই ইভেন্ট অনুষ্ঠিত হবে। সকাল ৬টা ৩০ মিনিটে উজ্জয়ন্ত প্যালেসের মূল গেইট থেকে এই ইভেন্ট শুরু হয়ে গান্ধীগ্রামের অক্সিজেন পার্কে গিয়ে শেষ হবে। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু এই সাইকেল যাত্রার সূচনা করবেন। স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়া (সাই)-র আঞ্চলিক কেন্দ্র কলকাতার পক্ষ থেকে এ খবর জানানো হয়েছে।

***************************

**Weather :**

দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু অর্থাৎ বর্ষা আজ কেরালায় প্রবেশ করেছে। তাছাড়া উত্তর পূর্বাঞ্চলের মধ্যে মিজোরামের দক্ষিণ অংশে ও আজ বর্ষা প্রবেশ করেছে। ২০০৯ সালের পর বিগত ১৬ বছরের মধ্যে এই প্রথম স্বাভাবিক সময়ের ৮ দিন আগে কেরালায় ও ১২ দিন আগে মিজোরামের দক্ষিনাংশে বর্ষা প্রবেশ করেছে। আবহাওয়া দপ্তর জানিয়েছে, আগামী এক দুই দিনের মধ্যে রাজ্যে বর্ষা প্রবেশ করার সম্ভাবনা রয়েছে। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর এবং ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সর্তকতা জারি করা হয়েছে। তাছাড়া রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ারও সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৪ ডিগ্রি সেলসিয়াস।

***************************